

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-১ শাখা
www.moa.gov.bd

নং-১২.০৫২.০১১.০০.০০.০১০.২০১১- ১০৮০

তারিখ : ০২ সেপ্টেম্বর ২০১৫।

বিষয় : কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণীর ১২টি ক্যাটাগরির ১৮৪৭ (এক হাজার আটশত সাতচল্লিশ) টি শূন্য পদে প্রার্থী নিয়োগের নিমিত্ত লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণের পদ্ধতি ও নিয়োগ প্রক্রিয়া সম্মিলিত নীতিমালা অনুমোদন।

সূত্র : ডিএই'র ০৭ জুন ২০১৫ তারিখের ১২.০১.০০০০.৩৮.১১.০০৩.২০১৫-৬১৭৯ সংখ্যক পত্র।


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণীর ১২টি ক্যাটাগরির ১৮৪৭ (এক হাজার আটশত সাতচল্লিশ) টি শূন্য পদে প্রার্থী নিয়োগের নিমিত্ত লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণের পদ্ধতি ও নিয়োগ প্রক্রিয়া সম্মিলিত নিম্নোক্ত নীতিমালা অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- (ক) নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে জেলাওয়ারী বৈধ তালিকা প্রস্তুত এবং লিখিত পরীক্ষা গ্রহণের জন্য প্রাপ্ত জেলাওয়ারী বৈধ তালিকায় রোল নম্বর দিয়ে তালিকা প্রস্তুত করতে হবে।
- (খ) ৩য় শ্রেণীর কর্মচারীর বিভিন্ন পদে নিয়োগ পরীক্ষায় পূর্ণমান মোট ১০০ (একশত) নম্বরের মধ্যে লিখিত পরীক্ষার জন্য ৭০ (সত্তর) নম্বর এবং মৌখিক পরীক্ষার জন্য ৩০ (ত্রিশ) নম্বর ধরতে হবে। লিখিত পরীক্ষায় ৭০ (সত্তর) নম্বরের মধ্যে ৫০% হিসেবে ৩৫ (পয়ত্রিশ) বা তদুর্ধ্ব নম্বর প্রাপ্ত প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত হবেন।
- (গ) ৪র্থ শ্রেণী কর্মচারীর বিভিন্ন পদে (পরিচ্ছন্নতা কর্মী পদ ব্যতিরেকে) নিয়োগ পরীক্ষায় পূর্ণমান মোট ৬০ (ষাট) নম্বরের মধ্যে লিখিত পরীক্ষার জন্য ৪০ এবং মৌখিক পরীক্ষার জন্য ২০ নম্বর ধরতে হবে। লিখিত পরীক্ষার মোট নম্বরের শতকরা ৬০ (ষাট) ভাগ নম্বর অর্থাৎ ২৪ (চব্বিশ) নম্বর প্রাপ্ত প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত হবেন। পরিচ্ছন্নতা কর্মী নিয়োগের ক্ষেত্রে শুধুমাত্র মৌখিক পরীক্ষা গ্রহণ করতে হবে এবং পূর্ণমান ৫০ নম্বর ধরতে হবে।
- (ঘ) প্রস্তুতকৃত তালিকার ভিত্তিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ) কর্তৃক লিখিত পরীক্ষা গ্রহণ করতে হবে।
- (ঙ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ কর্তৃক গৃহীত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের রোল নম্বর সম্মিলিত (লিখিত পরীক্ষার প্রাপ্ত নম্বর বাদে শুধু রোল নম্বর) রেজাল্টসীট বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটির সভাপতি এবং সদস্য সচিব আইবিএ হতে সীলগালা অবস্থায় গ্রহণ করবেন এবং কমিটির সকল সদস্যগণের সামনে খাম খুলতে হবে এবং তাদের রোল নম্বর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েব সাইট ও নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে এবং সে অনুযায়ী মৌখিক পরীক্ষার জন্য কার্ড ইস্যু করতে হবে।
- (চ) মৌখিক পরীক্ষার নিমিত্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ০১ (এক) জন অতিরিক্ত পরিচালকের সভাপতিত্বে কৃষি মন্ত্রণালয়ের ০১ (এক) জন প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১ (এক) জন প্রতিনিধি, সরকারী কর্ম কমিশনের ০১ (এক) জন প্রতিনিধি এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক পর্যায়ের ০১ (এক) জনকে সদস্য সচিব করে সদর দপ্তরে প্রয়োজনীয় সংখ্যক বোর্ড গঠন করতে হবে।
- (ছ) বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটির সভাপতি ও সদস্য সচিব আইবিএ হতে গৃহীত লিখিত পরীক্ষার ফলাফল (লিখিত পরীক্ষার প্রাপ্ত নম্বরসহ সীলগালাযুক্ত খামে) বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটির সকল সদস্যদের সামনে খুলতে হবে এবং লিখিত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর যোগ করে সরকারী সকল বিধি বিধান অনুসরণপূর্বক কমিটি নিয়োগের সুপারিশ করবেন এবং সুপারিশকৃত তালিকা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে।
- (জ) বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটি কর্তৃক সুপারিশকৃত চূড়ান্ত তালিকা অনুযায়ী প্রার্থীদের নিজ নিজ অঞ্চলে পদায়ন করতে হবে। নবনিয়োগকৃত প্রার্থীদের স্ব-স্ব অঞ্চলে পদায়ন করা সম্ভব না হলে এবং কোন কোন অঞ্চলে চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের চেয়ে শূন্য পদের সংখ্যা কম থাকলে অঞ্চল ভিত্তিক মেধার ভিত্তিতে শূন্য পদের বিপরীতে পদায়ন করে নিয়োগকৃত অবশিষ্ট কর্মচারীগণকে অন্য অঞ্চলে সমন্বয় করতে হবে।



(ঝ) বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটি চূড়ান্ত তালিকা সুপারিশসহ অনুমোদনের জন্য অধিদপ্তরের মহাপরিচালক এর নিকট দাখিল করবে।

(ঞ) অঞ্চল ভিত্তিক নিয়োগ প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট বিধি বিধান অনুসারে অনুমোদিত তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট অতিরিক্ত পরিচালকগণ কর্তৃক নিয়োগপত্র ইস্যু করতে হবে।



(মোঃ সারওয়ার মুর্তেদ চৌধুরী)

উপ-সচিব

ফোন : ৯৫৫৮৮৫৩

ই-মেইলঃ sasexten1@moa.gov.bd

মহাপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতির জন্য

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়
- ৩। প্রোগামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় (নীতিমালাটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
- ৫। যুগ্ম-সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।